আজ নেইমারবিহীন ব্রাজিলের বিশ্বকাপ অভিযান শুরু



নেইমার। ছবি: সংগৃহীত

বিশ্বকাপের মঞ্চে নিজেদের প্রথম ম্যাচ খেলতে আজ মাঠে নামছে ব্রাজিল। 'সি' গ্রুপের লড়াইয়ে পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়নদের প্রতিপক্ষ মরক্কো। নিউজার্সির মেটলাইফ স্টেডিয়ামে ম্যাচটি শুরু হবে বাংলাদেশ সময় ভোর ৪টায়।

ইনজুরির কারণে নেইমারকে ছাড়াই টুর্নামেন্ট শুরু করতে হচ্ছে ব্রাজিলকে। তবে কোচ কার্লো আনচেলত্তি আস্থা রাখছেন ভিনিসিয়ুস জুনিয়র, রাফিনিয়াসহ দলের অন্যান্য তারকাদের ওপর। জয় দিয়েই হেক্সা মিশনের সূচনা করতে চায় সেলেসাওরা।

তবে প্রতিপক্ষ মরক্কোকেও হালকাভাবে নেওয়ার সুযোগ নেই। কাতার বিশ্বকাপে সেমিফাইনাল খেলে ইতিহাস গড়া দলটি বর্তমানে আফ্রিকার অন্যতম শক্তিশালী দল হিসেবে বিবেচিত। শক্তিশালী রক্ষণভাগ ও দ্রুত পাল্টা আক্রমণ তাদের বড় অস্ত্র।

ম্যাচপূর্ব সংবাদ সম্মেলনে আনচেলত্তি বলেন, মরক্কো একটি কঠিন প্রতিপক্ষ। বিশ্বকাপে ভালো শুরু করতে হলে ব্রাজিলকে নিজেদের সেরাটা খেলতে হবে।

অন্যদিকে মরক্কো কোচ মোহাম্মদ ওয়াহবি বলেন, ব্রাজিলকে সম্মান করলেও ভয় পাওয়ার কিছু নেই। নিজেদের সামর্থ্যের ওপর বিশ্বাস রেখেই মাঠে নামবে তার দল।

সবশেষ ৪৫ ম্যাচে মাত্র দুইবার হার দেখা মরক্কো আত্মবিশ্বাস নিয়েই ব্রাজিলের মুখোমুখি হচ্ছে। ফলে বিশ্বকাপ মিশনের শুরুতেই জমজমাট এক লড়াইয়ের অপেক্ষায় ফুটবলপ্রেমীরা।